দৈনিক সংবাদ

২৮। ৬। ..০৮

তারিখ ......................

পৃষ্ঠা ...৩... কলাম ...৮......

# গুরুতর সেই ভুলের তদন্ত দা করেছেন অভিভাবকরা

**খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** হিসাব বিজ্ঞান প্রথমপত্রের পরীক্ষায় খুলনা মহানগরীতেই দুই রকম প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণের ঘটনা তদন্তের জন্য কয়েকজন অভিভাবক যশোর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের কাছে আবেদন করেছেন।

গত ৩০শে মে অনুষ্ঠিত হয় যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার হিসাব বিজ্ঞান প্রথমপত্রের পরীক্ষা। খুলনা মহানগরীর সকল পরীক্ষা কেন্দ্রে 'ক' সেট প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করা হয়। কিন্তু খুলনার সরকারি সুন্দরবন আদর্শ মহাবিদ্যা কেন্দ্রে অজ্ঞাত কারণে 'খ' সেট প্রশ্ন পরীক্ষা নেয়া হয়েছে।

একটি সূত্রে জানা গেছে, জে পাইকগাছা ও কাপিলমুখী কেন্দ্রেও ওই 'খ' সেট প্রশ্ন দেয়া হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সাম্প্রতি বছরগুলোতে প্রশ্নপত্র আউট হয়ে যাওয় ভয়ে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে দুই প্রশ্নপত্র রাখা হয়। কিন্তু সবসময় বিলি ক হয় এক সেট। এ ধরনের দুই সেট বি করার নিয়ম নেই। দুই সেট বিলি কর ফলে ছাত্ররা বৈষম্যের শিকার হয়েছে এতে শহরের ছাত্র ও অভিভাবকদের মধ্য তীব্র প্রতিক্রিয়া হয়েছে।

সুন্দরবন আদর্শ মহাবিদ্যালয় কর্তৃপ ঘটনার সত্যতা স্বীকার করেছেন। ত এটা তাদের ত্রুটি নয় বলে দাবি কর হয়েছে। ছাত্র ও অভিভাবকদের পক্ষ থেকে এই গুরুতর ভুলের তদন্ত দাবি কর হয়েছে।